

খুলনা বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
(প্রশাসন শাখা)

স্মারক নং খুবি/প্রশা-বি-১০/৮৭-

তারিখ : ১৪-০৭-২০২১ খ্রি.

বিষয়: কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণের লক্ষ্যে খুলনা বিশ্ববিদ্যালয়ের অনাবাসিক শিক্ষার্থীদের এনআইডি নম্বরসহ তালিকা প্রেরণ

সূত্র: স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৫১.৪১.০২২.২০.৮৭, তারিখ: ১২ জুলাই ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রেরিত পত্রের প্রেক্ষিতে কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণের লক্ষ্যে খুলনা বিশ্ববিদ্যালয়ের অনাবাসিক শিক্ষার্থীদের এনআইডি নম্বরসহ তালিকা প্রণয়নের লক্ষ্যে খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে অনলাইন তথ্যছক প্রস্তুত করা হয়েছে। বন্ধনীতে উল্লিখিত লিংক (<https://ku.ac.bd/student-data/create>) ব্যবহার করে শিক্ষার্থীরা তথ্যছক পূরণ করতে পারবে। এ বিষয়ে অনাবাসিক শিক্ষার্থীদের অবহিতকরণসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে কর্তৃপক্ষের নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনলাইনে অনাবাসিক শিক্ষার্থীদের তথ্যের ছক পূরণের শেষ সময় ১৭ জুলাই ২০২১

সংযুক্তি: ইউজিসি প্রেরিত পত্র


স্বাক্ষরিত
(প্রফেসর খান গোলাম কুদ্দুস)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং খুবি/প্রশা-বি-১০/৮৭- ৭৭২

তারিখ : ১৪-০৭-২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি বণ্টন

১. ডিন, সকল স্কুল, খুলনা বিশ্ববিদ্যালয়
২. প্রধান, সকল ডিসিপ্লিন এবং পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, খুলনা বিশ্ববিদ্যালয়
৩. ছাত্র বিষয়ক পরিচালক, খুলনা বিশ্ববিদ্যালয়
৪. প্রভোস্ট, সকল হল, খুলনা বিশ্ববিদ্যালয় (সকল অনাবাসিক শিক্ষার্থীদের অবহিতকরণের অনুরোধসহ)
৫. পরিচালক, আইসিটিসেল, খুলনা বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, খুলনা বিশ্ববিদ্যালয় (ব্যাপক প্রচারের অনুরোধসহ)
৭. শাখা প্রধান, একাডেমিক, খুলনা বিশ্ববিদ্যালয় (এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৮. পরিচালক, ইন্টারন্যাশনাল অফিস, খুলনা বিশ্ববিদ্যালয়
৯. উপাচার্য মহোদয়ের সচিব, খুলনা বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ)
১০. উপ-উপাচার্য মহোদয়ের সচিব, খুলনা বিশ্ববিদ্যালয় (উপ-উপাচার্য মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ)
১১. গার্ড ফাইল


(এস এম আবু নাসের ফারুক)
উপ-রেজিস্ট্রার
ও
শাখা প্রধান (প্রশাসন)